# জুলাই সনদে অস্পষ্টতা দূর না হলে স্বাক্ষর দেবে না এনসিপি




সংগৃহীত ছবি

জুলাই সনদ বাস্তবায়ন বিষয়ে বিদ্যমান অস্পষ্টতা দূর না হলে স্বাক্ষর দেবে না জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির সদস্যসচিব আখতার হোসেন জানান, আদেশে উল্লিখিত বেশ কিছু ধারায় স্পষ্ট নির্দেশনা নেই, তাই ব্যাখ্যা না পাওয়া পর্যন্ত এনসিপি কোনও আনুষ্ঠানিক সম্মতি দেবে না।

গতকাল শুক্রবার (১৪ নভেম্বর) প্রধান উপদেষ্টার ভাষণ নিয়ে প্রতিক্রিয়া জানাতে দলীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ অবস্থান তুলে ধরেন। আখতার হোসেন বলেন, জুলাই সনদকে সামগ্রিকভাবে ইতিবাচক মনে করলেও গুরুত্বপূর্ণ কিছু বিষয়ে পরিষ্কার ব্যাখ্যা জরুরি।

সংবাদ সম্মেলনে মুখ্য সমন্বয়কারী নাসির উদ্দিন পাটোওয়ারি সমালোচনা করে বলেন, রাষ্ট্রপতির স্বাক্ষরের মধ্য দিয়ে জুলাই সনদকে "অপবিত্র" করা হয়েছে, যা সনদের মূল চেতনার সঙ্গে সাংঘর্ষিক।

LENS ASIA

এনসিপি অভিযোগ করে যে জনগণের মতামত উপেক্ষা করে সরকার বিএনপি ও জামায়াতকে সন্তুষ্ট করার উদ্দেশ্যে তড়িঘড়ি করে জুলাই সনদের আদেশ জারি করেছে। দলের দাবি, সনদের প্রকৃত লক্ষ্য বাস্তবায়নে স্বচ্ছতা নিশ্চিত করতে সরকারকে আরও স্পষ্ট ও খোলামেলা হতে হবে।